



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০০৯.২০.৪৪৯

তারিখ: ৩০ অগ্রহায়ণ ১৪২৭
১৫ ডিসেম্বর ২০২০

বিষয়: সানারপাড় রওশন আরা কলেজ এর জনাব লতিফা বেগম এর পদত্যাগ পত্র যাচাইকরণ

সূত্র: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০০৯.২০.১২৭ ১০ মার্চ ২০২০

(২) সিআইডি কার্যালয়ের স্মারক নং ফরেনসিক ল্যাবরেটরি(ঢাকা)/হস্তলিপি শাখা/HW-1-0055-2020/0189/2020 তারিখ :
২৯/০১/২০২০

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নারায়নগঞ্জ জেলার রওশন আরা কলেজের জনাব লতিফা বেগম এর পদত্যাগের সত্যতা যাচাই করার জন্য তাঁর আবেদনের প্রেক্ষিতে সিআইডি কার্যালয়, ঢাকায় মাউশি থেকে পত্র প্রেরণ করা হয়। সিআইডি কার্যালয়ের স্মারক নং ফরেনসিক ল্যাবরেটরি(ঢাকা)/হস্তলিপি শাখা/HW-1-0055-2020/0189/2020 তারিখ : ২৯/০১/২০২০ মোতাবেক জানান যে, প্রাপ্ত দলিলপত্রে থাকা স্বাক্ষর/লেখাগুলো প্রাথমিকভাবে পরীক্ষা এবং পর্যালোচনা করে দেখা যায়, ১০/১০/২০১৭ খ্রি. তারিখের লতিফা বেগম এর চাকুরি হতে অব্যাহতির জন্য আবেদনের ফটোকপিতে থাকা ইংরেজি স্বাক্ষর এবং মো: হারুন অর রশিদ, অধ্যক্ষ, সানারপাড় রওশন আরা কলেজের আবেদনের ফটোকপি এবং ০৭/১০/২০১৯ খ্রি. মহাপরিচালকের বরাবর আবেদনের ফটোকপিতে থাকা স্বাক্ষর তুলনামূলক পরীক্ষার জন্য পাওয়া গেছে। ফটোকপি/কার্বনকপি/স্ক্যানকৃত স্বাক্ষরে Linequality এর Detail সহ অন্যান্য বৈশিষ্ট্য নিরূপন করা সম্ভব হয় না বিধায় ফটোকপি/কার্বনকপি/স্ক্যানকৃত স্বাক্ষর হস্তলিপি বিজ্ঞানভিত্তিক তুলনামূলক পরীক্ষার উপযোগী নয়। সিআইডি থেকে মতামত প্রদানের জন্য যে যে উপকরণ প্রয়োজন :

(১) প্রেরিত বিতর্কিত আবেদনের মূলকপি(ফটোকপি নয়)

(২) প্রেরিত লতিফা বেগমের ইংরেজি প্রামাণ্য স্বাক্ষর সম্বলিত আবেদনের মূলকপি(ফটোকপি নয়)(৩) তুলনামূলক পরীক্ষার জন্য ১টি মাত্র প্রামাণ্য স্বাক্ষর অপ্রতুল বিধায় সংশ্লিষ্ট ব্যক্তির বিতর্কিত ইংরেজি স্বাক্ষরের একই ফরমেশনে/গঠনে সমসাময়িককালে সম্পাদিত কোন ছুটির আবেদনপত্র কিংবা কলেজের অন্যকোন ফাইলপত্র/রেজিস্ট্রি দলিলপত্র, ওকালতনামা কেওয়াইসি ফরম, ব্যাংক চেক, নমুনা স্বাক্ষরকার্ড, একাউন্ট ওপেনিং ফরম, ডায়েরী ইত্যাদিতে থাকা লতিফা বেগম এর ইংরেজি বানানের ৭/৮ টি করে প্রামাণ্য স্বাক্ষর প্রয়োজন।(৪) সংশ্লিষ্ট ব্যক্তিকে দিয়ে বিতর্কিত স্বাক্ষরের একই ফরমেশনে সম্পাদিত ইংরেজি বানানে ৬/৭ পাতা নমুনা স্বাক্ষর(প্রতি পাতায় ০৮/১০ টি স্বাক্ষর হলে ভাল হয়);

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ১০/০৩/২০২০ তারিখের ৩৭.০২.০০০০.১০৫.২৭.০০৯.২০.১২৭ মোতাবেক উল্লিখিত রেকর্ডপত্রাদি সিআইডি কার্যালয়, ঢাকা প্রেরণ করার জন্য পত্র দেয়া হয়। কিন্তু অদ্যবধি রেকর্ডপত্রাদি সরবরাহ করা হয়নি।

এমতাবস্থায়, সিআইডি কার্যালয়ের চাহিদা মোতাবেক তথ্যাদি পত্র প্রাপ্তির ০৭(সাত) কর্মদিবসের মধ্যে সরবরাহ করে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হইল।

১৫-১২-২০২০

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক

অধ্যক্ষ, সানারপাড় রওশন আরা কলেজ, সানারপাড়, নারায়নগঞ্জ

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০০৯.২০.৪৪৯/১(২)

তারিখ: ৩০ অগ্রহায়ণ ১৪২৭
১৫ ডিসেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জনাব লতিফা বেগম, প্রভাষক(ইংরেজি), সানারপাড় রওশন আরা কলেজ, সানারপাড়, নারায়নগঞ্জ;
- ২) সংরক্ষণ নথি।

১৫-১২-২০২০

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক